দৈনিক বাংলা

বাংলাদেশ শিক্ষা তথ্য ও পরিসংখ্যান ব্যুরো
ডকুমেন্টেশন কেন্দ্র

তারিখ 30 JAN 1989
পৃষ্ঠা 5 কলাম 7

5

## ইডেন কলেজ ছাত্রীদের সমস্যা।

কিছুদিন পূর্বে দৈনিক বাংলায় ইডেন কলেজ সম্বন্ধে একটা চিঠি ছাপা হয়েছে। কিন্তু এতে মূল সমস্যার সমাধান হওয়ার পরিবর্তে উল্টো সমস্যা জটিল হয়েছে। আমার মেয়ে উক্ত কলেজের একজন ছাত্রী। আমরা মিরপুরের বাসিন্দা। এখানে একটি স্টেডিয়াম হওয়ায় প্রায়ই এখানে ফুটবল খেলা হয়। ফলে দুপুর ১টা থেকে ৩টা পর্যন্ত যান বাহনে ফুটবল দর্শকদের এত চাপ থাকে যে এই দুই ঘন্টার ভেতর আজিমপুর থেকে কোন পরিবহণে ওঠার কথা ভাবাই যায় না। আমার মেয়ের ক্লাশ অধিকাংশ সময় ১টার আগে শেষ হয়ে যায়। কিন্তু কলেজ কর্তৃপক্ষ ঐ সময় সব শ্রেণীর মেয়েকে দুপুর ২টা পর্যন্ত আটকে রাখেন। এমনকি কলেজের মেয়ে নয় এমন মেয়েদেরও আটকে রাখেন। আমিও এমনি একজন ভুক্তভোগী যে একবার কলেজে একটা কাজে গিয়ে বেরুতে পারিনি। আজিমপুর থেকে মিরপুরে বাসে লাগে একঘন্টা।

কলেজ কর্তৃপক্ষ যদি নিজেরা বাসের ব্যবস্থা করে মেয়েদের আটকে রাখতেন তবে তাদের এই সিদ্ধান্তের যৌক্তিকতা থাকত একটা শিক্ষাপ্রতিষ্ঠান তো আর কোন অফিস নয় যে অফিসের মতো দুপুর ২টা পর্যন্ত আটকে রাখতে হবে মেয়েদের। আমার মেয়ে এইচএসসি ক্লাশ থেকে এই কলেজের ছাত্রী পূর্ববর্তী কোন অধ্যক্ষ এমন অযৌক্তিক নিয়ম জারি করেননি। অথচ তার পড়াশোনা শেষের পর্যায় অথচ সবচেয়ে বেশী ভোগান্তি তাদেরই হচ্ছে। এই সিদ্ধান্তে এতটা অনমনীয় থাকার বোধকরি প্রয়োজন নেই।

—মিসেস সুলতানা
পল্লবী মিরপুর ঢাকা—১২১৬